



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তর  
১, কাওরান বাজার টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা  
[www.roc.gov.bd](http://www.roc.gov.bd)

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরটি ২০০৯ সন থেকে অনলাইন সেবা প্রদান প্রক্রিয়া শুরু করে অক্টোবর/১০ সন থেকে পূর্ণাঙ্গ সেবা ডিজিটাল মাধ্যমে প্রদান করে আসছে, যা পর্যায়ক্রমিক উন্নয়নের মাধ্যমে বর্তমানে অত্যন্ত দক্ষতার সাথে পূর্ণাঙ্গ ডিজিটাল সেবা প্রদানে একটি মাইল ফলক হিসেবে চিহ্নিত হয়েছে। পরিদপ্তরটি প্রস্তাবিত কোম্পানি, সোসাইটি, ট্রেড অর্গানাইজেশন এবং পার্টনারশীপ ফার্ম এর নামের ছাড়পত্র প্রদান, নিবন্ধন, রিটার্ন ফাইলিং, বন্ধকের বিবরণী নিবন্ধন, অনলাইন সার্টিফিকেট ও সার্টিফাইট কপি প্রদানসহ সকল সেবা অনলাইনে প্রদান করছে। এর মধ্যে নামের ছাড়পত্র প্রদানের বিষয়টি সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে নিষ্পন্ন হচ্ছে। অচিরেই স্বয়ংক্রিয় নিবন্ধন পদ্ধতি চালু করার লক্ষ্যেও পরিদপ্তরটি কাজ করে চলছে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক সময় দালাল ও প্রতারক চক্রের সহায়তায় কোম্পানি নিবন্ধনের ক্ষেত্রে জাল জালিয়াতির মাধ্যমে ভূয়া তথ্য অনলাইনে দাখিল করে নিবন্ধন গ্রহণ করা হচ্ছে এবং কোম্পানির শেয়ার হস্তান্তর প্রক্রিয়া জালিয়াতির মাধ্যমে সম্পন্ন করে এ পরিদপ্তরে দাখিল করা হচ্ছে এবং তা রেকর্ডভুক্ত করতে অপপ্রয়াস চালিয়ে থাকে। তাছাড়া প্রতারক চক্র জাল স্বাক্ষরের মাধ্যমে ভূয়া সার্টিফাইট কপি তৈরি পূর্বক সরবরাহ করে সম্মানিত গ্রাহকদেরকে প্রতারণা করছে। **এহেই অবস্থায় সম্মানিত গ্রাহক সাধারণ কে দালাল বা প্রতারক চক্রের কবল থেকে সাবধান থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একই সাথে কোম্পানি সংক্রান্ত কাজে দক্ষ কোম্পানি সচিব, পরিচালক কিংবা পেশাগত সার্টিফিকেটধারী চার্টার্ড একাউন্টেন্ট, কন্স্ট একাউন্টেন্ট, চার্টার্ড সেক্রেটারী, আইনজীবী, আইটিপি'দের (ক্ষমতাপত্র প্রদান সাপেক্ষে) মাধ্যমে নিবন্ধনসহ অন্যান্য কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হল।** প্রয়োজনে পরিদপ্তরের ওয়েব সাইট- [www.roc.gov.bd](http://www.roc.gov.bd) ভিজিট পূর্বক সকল বিষয়ে অবহিত হওয়ার জন্য কিংবা পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সাথে সরাসরি যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করার অনুরোধ করা হল। সার্টিফাইট কপির বিষয়ে কোন সন্দেহের উদ্বেক হলে তা সরাসরি অফিসে উপস্থিত হয়ে বা অনলাইনে যাচাই করে নিশ্চিত হওয়ার জন্যও অনুরোধ করা যাচ্ছে। তাছাড়া রিটার্ন দাখিলসহ যে কোন কাজে **কোম্পানির অনুকূলে ইস্যুকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড** অন্য কারো মাধ্যমে ব্যবহারে সতর্ক থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মনে রাখবেন, “সাবধানতা ও সচেতনতাই আপনার কোম্পানির রিটার্নের তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে পারে”।

কর্তৃপক্ষ  
আরজেএসসি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তর  
১, কাওরান বাজার টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা  
[www.roc.gov.bd](http://www.roc.gov.bd)

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরটি ২০০৯ সন থেকে অনলাইন সেবা প্রদান প্রক্রিয়া শুরু করে অক্টোবর/১০ সন থেকে পূর্ণাঙ্গ সেবা ডিজিটাল মাধ্যমে প্রদান করে আসছে, যা পর্যায়ক্রমিক উন্নয়নের মাধ্যমে বর্তমানে অত্যন্ত দক্ষতার সাথে পূর্ণাঙ্গ ডিজিটাল সেবা প্রদানে একটি মাইল ফলক হিসেবে চিহ্নিত হয়েছে। পরিদপ্তরটি প্রস্তাবিত কোম্পানি, সোসাইটি, ট্রেড অর্গানাইজেশন এবং পার্টনারশীপ ফার্ম এর নামের ছাড়পত্র প্রদান, নিবন্ধন, রিটার্ন ফাইলিং, বন্ধকের বিবরণী নিবন্ধন, অনলাইন সার্টিফিকেট ও সার্টিফাইট কপি প্রদানসহ সকল সেবা অনলাইনে প্রদান করছে। এর মধ্যে নামের ছাড়পত্র প্রদানের বিষয়টি সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে নিষ্পন্ন হচ্ছে। অচিরেই স্বয়ংক্রিয় নিবন্ধন পদ্ধতি চালু করার লক্ষ্যেও পরিদপ্তরটি কাজ করে চলছে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক সময় দালাল ও প্রতারক চক্রের সহায়তায় কোম্পানি নিবন্ধনের ক্ষেত্রে জাল জালিয়াতির মাধ্যমে ভূয়া তথ্য অনলাইনে দাখিল করে নিবন্ধন গ্রহণ করা হচ্ছে এবং কোম্পানির শেয়ার হস্তান্তর প্রক্রিয়া জালিয়াতির মাধ্যমে সম্পন্ন করে এ পরিদপ্তরে দাখিল করা হচ্ছে এবং তা রেকর্ডভুক্ত করতে অপপ্রয়াস চালিয়ে থাকে। তাছাড়া প্রতারক চক্র জাল স্বাক্ষরের মাধ্যমে ভূয়া সার্টিফাইট কপি তৈরি পূর্বক সরবরাহ করে সম্মানিত গ্রাহকদেরকে প্রতারণা করছে। এহেন অবস্থায় সম্মানিত গ্রাহক সাধারণকে দালাল বা প্রতারক চক্রের কবল থেকে সাবধান থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একই সাথে কোম্পানি সংক্রান্ত কাজে দক্ষ কোম্পানি সচিব, পরিচালক কিংবা পেশাগত সার্টিফিকেটধারী চার্টার্ড একাউন্টেন্ট, কন্স্ট একাউন্টেন্ট, চার্টার্ড সেক্রেটারী, আইনজীবী, আইটিপি'দের (ক্ষমতাপত্র প্রদান সাপেক্ষে) মাধ্যমে নিবন্ধনসহ অন্যান্য কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হল। প্রয়োজনে পরিদপ্তরের ওয়েব সাইট- [www.roc.gov.bd](http://www.roc.gov.bd) ভিজিট পূর্বক সকল বিষয়ে অবহিত হওয়ার জন্য কিংবা পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সাথে সরাসরি যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করার অনুরোধ করা হল। সার্টিফাইট কপির বিষয়ে কোন সন্দেহের উদ্বেক হলে তা সরাসরি অফিসে উপস্থিত হয়ে বা অনলাইনে যাচাই করে নিশ্চিত হওয়ার জন্যও অনুরোধ করা যাচ্ছে। তাছাড়া রিটার্ন দাখিলসহ যে কোন কাজে কোম্পানির অনুকূলে ইস্যুকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড অন্য কারো মাধ্যমে ব্যবহারে সতর্ক থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মনে রাখবেন, “সাবধানতা ও সচেতনতাই আপনার কোম্পানির রিটার্নের তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে পারে”।

কর্তৃপক্ষ  
আরজেএসসি